২০২৩

# বাংলা

(অনার্স)

(জেনেরিক ইলেকটিভ)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

তৃতীয় সেমেস্টার

কোর্স কোর্ড : BENG-H-GE-T-1

[বাংলা সাহিত্যের ইতিহাস (প্রাচীন ও মধ্যযুগ), ছন্দ, অলংকার, বৈষ্ণব পদাবলী]

পূর্ণমান : ৬০ সময় : ২$\frac{১}{২}$ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও: ২×১০=২০

ক) চর্যাপদ কোথা থেকে কী নামে প্রথম প্রকাশিত হয়?

খ) চর্যাপদের চারজন কবির নাম লেখো।

গ) পুঁথি থেকে প্রাপ্ত চিরকুট অনুসারে শ্রীকৃষ্ণকীর্তন কাব্যটির নাম কী?

ঘ) মহোপমা কী? সাধারণত কোন্ ধরনের কাব্যে এর প্রয়োগ দেখি?

ঙ) বিজয়গুপ্ত কোন বাংলার কবি? তাঁর লেখা মঙ্গলকাব্যটির নাম কী?

চ) চণ্ডীমঙ্গল-কাহিনি কয়টি খণ্ডে বিভক্ত ও খণ্ডগুলির নাম লেখো।

ছ) অভয়ামঙ্গল কার লেখা? তিনি আনুমানিক কোন সময়ের কবি?

জ) মুক্তক ছন্দের প্রবক্তা কে? কোথায় এর প্রথম সাক্ষাৎ পাই?

ঝ) 'অমিত্রাক্ষর'—এরূপ নামকরণের কারণ কী?

*(পরের পাতায়)*

ঞ)	ছেদ ও যতির দুটি পার্থক্য লেখো।
ট)	আদ্য যমকের একটি উদাহরণ দাও।
ঠ)	বৈষ্ণব পদাবলীর পঞ্চরসের নাম করো।
ড)	অলংকার কাকে বলে? অলংকার কয় প্রকার ও কী কী?
ঢ)	'ওরে দারুণ বিধি/তোর এ দারুণ বিধি।' — এটি কোন অলঙ্কারের উদাহরণ এবং কেন?
ণ)	'কণ্টক গাড়ি কমলসম পদতল'—পদটি কার লেখা? এটি কোন পর্যায়ের পদ?

২।	যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও :	৫×৪=২০

ক)	তোমার পাঠ্য পদ অবলম্বনে জ্ঞানদাসের কবিপ্রতিভার মূল্যায়ন করো।
খ)	কবি কৃত্তিবাসের রামায়ণের জনপ্রিয়তার কারণগুলি কী কী?
গ)	ধর্মমঙ্গল কাব্যের রচয়িতা হিসেবে ঘনরাম চক্রবর্তীর কৃতিত্ব আলোচনা করো।
ঘ)	'আমার শপতি লাগে' — পদটির পর্যায় উল্লেখ করে কাব্যসৌন্দর্য বিশ্লেষণ করো।
ঙ)	ছন্দোলিপি নির্ণয় করো :
'বাঁশ বাগানের মাথার উপর চাঁদ উঠেছে ওই
মাগো আমার শোলক বলা কাজলা দিদি কই?'
চ)	সংক্ষিপ্ত টীকা লেখো (যে কোন **দুটি**) :
শ্লেষ, উপমা, উৎপ্রেক্ষা।

৩।	যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও :	১০×২=২০

ক)	শ্রীকৃষ্ণকীর্তন কাব্যটির কয়টি খণ্ড ও কী কী? কাব্যটির সাহিত্যমূল্য বিচার করো।
খ)	মাথুর বিরহ পর্যায়ের শ্রেষ্ঠ কবি কে? তোমার পাঠ্যপদ অবলম্বনে কবির কবি-কৃতিত্ব ব্যাখ্যা করো।
গ)	আগমনী ও বিজয়া গানের রচয়িতা হিসেবে সাধক কমলাকান্ত ভট্টাচার্যর কৃতিত্ব নিরুপণ করো।
ঘ)	অক্ষরবৃত্ত ছন্দের সংজ্ঞা লেখো। এই ছন্দের বৈশিষ্ট্য উদাহরণসহ আলোচনা করো।	২+৮

———